# পরিবেশ ও ভূগোল

জাতীয় পাঠক্রমের রূপরেখা' (NCF 2005) এবং 'শিক্ষার অধিকার আইন' (RTE, 2009)— এই দুটি নথিকে অনুসরণ করে সপ্তম শ্রেণির 'ভূগোল' বিষয়ের পাঠ্যবই 'আমদের পৃথিবী' নির্মিত হয়েছে।

'ভূগোল' বিষয়টি পরিবেশ এবং মানবাজীবনের পারস্পরিক সম্পর্কের নানান অভিমুখের নিরিখে আলোচিত হয়েছে।

- পাঠ্যবইটিকে শিক্ষার্থীকেন্দ্রিক, সহজ, প্রাঞ্জল, তথ্যভারমুক্ত, আনন্দদায়ক শিক্ষার সহায়ক করে তোলার চেষ্টা করা হয়েছে।
- শিক্ষার্থীর মানসিক ক্রমবিকাশের স্তরের উপযোগী করে সক্রিয়তা-ভিত্তিক পদ্ধতি অনুসরণ করা হয়েছে।
- চলিত মান্য ভাষায় (শিক্ষার্থীর পরিচিত, ঘরোয়া ভাষায়) বিষয়বস্তুর স্পষ্ট ও স্বচ্ছ ধারণা দেওয়া হয়েছে।
- শিক্ষার্থীর জ্ঞানগঠন, মূল্যবোধের শিক্ষা ও সার্বিক বিকাশের প্রতি লক্ষ রাখার চেষ্টা করা হয়েছে।
- শিক্ষার্থীর জানা ও শেখার আগ্রহ, আনন্দের প্রতি লক্ষ রেখে এবং নির্দিষ্ট মৌলিক ধারণাগুলোকে স্পষ্ট করতে প্রচুর আলোকচিত্র, রেখাচিত্র, বৈচিত্র্যপূর্ণ সারণি, ধারণা গঠনের লেখচিত্র, সরল মানচিত্র, তথ্যমৌচাক প্রভৃতি অভিনব শিখন সম্ভারে বইটিকে সমৃদ্ধ ও আকর্ষণীয় করা হয়েছে।
- শিক্ষার্থীর অনুসন্ধিৎসা, কল্পনাশক্তি এবং আবিষ্কার প্রবণ মননশীলতাকে উৎসাহিত করতে সমধর্মী অন্যান্য বিষয়ের প্রসঙ্গও আনা হয়েছে, যাতে ধারণার সুদৃঢ়করণ ঘটে।
- বিদ্যালয়ে ভীতিমুক্ত, আনন্দদায়ক পরিবেশ, কোনোরকম তাড়না, ভয় বা উদ্বেগ ছাড়াই যাতে শিক্ষার্থী শিখতে পারে এবং নিজস্ব মতামত ব্যক্ত করতে পারে, সেজন্য পাঠ্যবিষয় এর সঙ্গে সঙ্গতিপূর্ণ নানা মজার পরীক্ষা-নিরীক্ষা, ধাঁধা, সমান্তরাল পাঠ, আকর্ষণীয় শব্দছক, ছবির কোলাজ রাখা হয়েছে।
- শিক্ষার্থীকে নিজস্ব অভিজ্ঞতা, অনুভবের পরিচিত পরিসর— অর্থাৎ তার বাড়ি, স্কুল, চারপাশের জগৎ থেকে ক্রমে ব্যাপ্ততর ভৌগোলিক ধারণার মধ্যে নিয়ে যাওয়া হয়েছে।
- 'হাতে কলমে' সমীক্ষা, সক্রিয়, 'অনুসন্ধান' এর মুখ্য উদ্দেশ্য— প্রাথমিক পর্যায়ে শিক্ষার্থীর পারিপার্শ্বিক পরিবেশ, পরিস্থিতি সম্পর্কে সচেতনতা, অন্ধবিশ্বাস, কুসংস্কার মুক্ত দৃষ্টিভঙ্গি গঠন। ক্রমশ স্থান-কাল পরিসরে মানুষের বৈচিত্র্যপূর্ণ সংস্কৃতি এবং জীবন কুশলতার তাৎপর্য অনুধাবন এবং বিশ্বজনীন পরিবেশ সংকটে নিজস্ব দায়িত্ব উপলব্ধি এবং ভূমিকা গ্রহণ।

| পাঠ একক | উপ একক / বিষয়বস্তু | সামর্থ্য / উদ্দেশ্য | সক্রিয়তাভিত্তিক শিখন/ কর্মপত্র |
|---|---|---|---|
| **প্রাকৃতিক ভূগোল**<br><br>**১. পৃথিবীর গতি**<br>* পিরিয়ড (১২) | i) * পৃথিবীর বার্ষিক গতি।<br>* অক্ষ, কক্ষপথ, কক্ষতল।<br>* পৃথিবীর অপসূর ও অনুসূর অবস্থান।<br>* সময় নির্ণয়, অধিবর্ষ। | * সুনির্দিষ্ট যুক্তিক্রমে, সূর্যের চারিদিকে পৃথিবীর পরিক্রমণ সম্পর্কে ধারণা গঠন।<br>* সূর্য থেকে পৃথিবীর দূরত্বের তারতম্য।<br>* পরিক্রমণের সময় থেকে মাস, বছর- সময় গণনার প্রক্রিয়া অনুধাবন। | * প্রত্যক্ষ পর্যবেক্ষণ।<br>* উপবৃত্ত অঙ্কন।<br>* সহজ অঙ্ক সমাধান ।<br>* হাতে কলমে উদ্ভাবনী পরীক্ষা ।<br>* 'সূর্যঘড়ি' পর্যবেক্ষণ।<br>* পারস্পরিক মতামত বিনিময়, দলগত আলোচনা। |
| | ii) * রবিমার্গ।<br><br>* পৃথিবীতে তাপের তারতম্য, উত্তরায়ণ, দক্ষিনায়ণ। | * ঋতু কেন বদলায়।<br>* সূর্যের বার্ষিক আপাত গতি। | * বছরের বিভিন্ন সময়ে আকাশে সূর্যের আপাত অবস্থান ।<br>* বিভিন্ন ঋতুতে দিন- রাত্রির হ্রাসবৃদ্ধি পর্যবেক্ষণ, বিশ্লেষণ,সিদ্ধান্ত গ্রহণ। |
| | iii)*পরিক্রমণের ফলাফল -ঋতু পরিবর্তন,কর্কট সংক্রান্তি, মকর সংক্রান্তি, বসন্তকালীন এবং শরৎকালীন বিষুব।<br>*মধ্যরাত্রির সূর্য, সুমেরু প্রভা, কুমেরু প্রভা। | * বিভিন্ন ঋতুতে উষ্ণতার পরিবর্তন, দিন রাত্রির হ্রাস-বৃদ্ধি কীভাবে হয়।<br>* আলোকিত রাত্রি', 'অন্ধকার দিন' এবং 'মধ্যরাত্রির সূর্য' সম্পর্কে কার্য-কারণ অনুধাবন।<br>* ' ঋতুবৈচিত্র্য ও আমরা '। | * মগজাস্ত্র।<br>* শব্দসন্ধান ।<br>* হাতে কলমে ।<br>* 'ধারণা-সারণী ' পূরণ।<br>* সংবাদপত্র, দূরদর্শন, অন্যান্য শব্দ দৃশ্য মাধ্যম থেকে তথ্য আলোকচিত্র সংগ্রহ করে সৃজনমূলক প্রতিবেদন, প্রকল্প রচনা। |
| **২.ভূ-পৃষ্ঠে কোনও স্থানের অবস্থান নির্নয় ।**<br>* পিরিয়ড (৬) | i)* অক্ষরেখা ও দ্রাঘিমারেখার প্রয়োজনীয়তা, বৈশিষ্ট্য।<br>* অক্ষাংশ ও দ্রাঘিমাংশ।<br>* স্থানীয় সময়।<br>* প্রমান সময়। | * পৃথিবী পৃষ্ঠে কোনো স্থানের অবস্থান ঠিক কীভাবে নির্মিত হয়-সম্যক ধারণা।<br>* ভূ-পৃষ্ঠের ওপর এই কল্পিত রেখাগুলো কীভাবে নির্ধারণ করা হয়-অক্ষাংশ এবং দ্রাঘিমাংশের তাৎপর্য বিশ্লেষণ।<br>* অক্ষরেখার পরিবর্তনে জলবায়ু এবং দ্রাঘিমা রেখার পরিবর্তনে সময়ের পার্থক্য সম্বন্ধে ধারণা।<br>* অবস্থান নির্ণয়ের আধুনিক পদ্ধতি 'GPS'এর প্রাথমিক ধারণা। | * মানচিত্র অনুসন্ধান,বিশ্লেষণ ধারণা-তালিকা পূরণ।<br>* মডেল নির্মাণ।<br>* সরল রেখাচিত্র।<br>* মগজাস্ত্র।<br>* অবস্থান নির্ণয়ের 'ধারণা-সারণী' অনুশীলন। |
| **৩. বায়ুচাপ**<br>* পিরিয়ড (৬) | i) * বায়ুচাপের ধারণা ।<br>*বায়ুচাপের গুরুত্ব : দৈনন্দিন জীবনে এবং আবহাওয়া নিয়ন্ত্রনে।<br>ii)* বায়ুচাপের তারতম্যের কারণ।<br>* সমচাপ রেখা ।<br>* বায়ুর উচ্চচাপ ও নিম্নচাপ। | * দৈনন্দিন জীবনযাত্রায়, পরিচিত পরিসরেপর্যবেক্ষণ, বায়ুচাপের কারণ, বায়ুচাপ মাপক যন্ত্র ।<br>* বায়ুচাপ সর্বত্র সমান হয় না কেন কারণগুলো কীভাবে বায়ুচাপ নিয়ন্ত্রণ করে- সম্যক ধারণা গঠন।<br>* বায়ুপ্রবাহের কারণ- চাপেরপার্থক্য। | * প্রাকৃতিক বিজ্ঞানের কিছু মৌলিক ধারণা, মজার পরীক্ষা-নিরীক্ষা, ধাঁধা এবং কার্য- কারণ অনুসন্ধান।<br>* মগজাস্ত্র।<br>* হাতেকলমে বিশ্লেষণ, যুক্তিপূর্ণ ব্যাখ্যা।<br>* সাম্প্রতিক ভৌগোলিক ঘটনার তথ্য, নমুনা সংগ্রহ, সমীক্ষা, প্রতিবেদন ও প্রকল্প নির্মাণ । |

| পাঠ একক | উপ একক / বিষয়বস্তু | সামর্থ্য / উদ্দেশ্য | সক্রিয়তাভিত্তিক শিখন / কর্মপত্র |
|---|---|---|---|
| **৪. ভূমিরূপ**<br>* পিরিয়ড (৬) | i)* ভূমিরূপের শ্রেণিবিভাগ (পর্বত, মালভূমি, সমভূমি) বৈশিষ্ট্য, উদাহরণ।<br>* জনজীবনে ভূমিরূপের প্রভাব। | * পরিচিত পরিসর- অর্থাৎ বাড়ি, স্কুল, আশপাশের অঞ্চলের ভূমিরূপ পর্যবেক্ষণ অভিজ্ঞতা, অনুমান, ধারণা থেকে ভূ-পৃষ্ঠের সব জায়গা একইরকম নয় এবং কার্য-কারণ অনুধাবন।<br>* পর্বত, মালভূমি, সমভূমি- বৈশিষ্ট্য, তাৎপর্য, প্রাকৃতিক, সামাজিক, অর্থনৈতিক প্রভাব, বিভিন্ন অঞ্চলে মানুষের জীবনযাত্রার পার্থক্য। | * মৌলিক ধারণা গঠনের অভিনব মডেল নির্মান-সহজ 'অরিগ্যামি' - কাগজ ভাঁজের খেলা।<br>* তুলনা ও পার্থক্যের 'ধারণা-সারনী' পূরণ।<br>* ছবির কোলাজ বিশ্লেষণ।<br>* 'শব্দসন্ধান','মগজাস্ত্র'।<br>* নিজের অঞ্চলের 'ক্ষেত্র সমীক্ষা', কার্যকরী প্রকল্প, প্রতিবেদন। |
| **৫. নদী**<br>* পিরিয়ড (৭) | i) * নদীর উৎস, মোহনা, ধারন অববাহিকা, জলবিভাজিকা, উপনদী, শাখানদী,অববাহিকা দোয়াব সম্পর্কিত সাধারন তথ্য।<br>* তিনটি প্রবাহে নদীর প্রধান কাজ। | * বিষয়বস্তুর সঙ্গে সঙ্গতিপূর্ণ এবং শিক্ষার্থীর শেখার আনন্দ আগ্রহ সৃষ্টিকারী ছোটো গল্পের অবতারণার মাধ্যমে মৌলিক ধারণা গঠন।<br>* নিত্যবহ নদী ও অনিত্যবহ নদী।<br>* নদীর শক্তির সঙ্গে নদীর কাজের সম্পর্ক।<br>* মানুষের জীবনের সঙ্গে নদীর মিল।<br>* তিনটি প্রবাহে বিশেষ ভূমিরূপ সম্বন্ধে প্রাথমিক ধারণা। | * নদীগুলো কতটা লম্বা?-এঁকে ফেলতে পারো'-সহজ ও প্রাঞ্জল পদ্ধতিতে কার্টোগ্রাফিক অঙ্কন।<br>* হাতে কলমে মজার পরীক্ষা, পর্যবেক্ষণ এবং শনাক্তকরন।<br>* আলোকচিত্র শনাক্তকরন।<br>* ধারণা মানচিত্র।<br>* ক্ষেত্র সমীক্ষা, বিশ্লেষণ, যুক্তিগত সিদ্ধান্ত। |
| | ii) * জনজীবনে নদীর প্রভাব। | * প্রাচীন নদীকেন্দ্রিক সভ্যতা থেকে আধুনিক সময়ে মানুষের সমাজ অর্থনীতি, জীবনযাত্রায় নদীর প্রভাব।<br>* মানুষের কিছু কাজও নদীর স্বাভাবিক ছন্দকে নষ্ট করছে। | * ছবির কোলাজ বিশ্লেষণ, তাৎপর্য অনুধাবন।<br>* 'ধারণা-সারনী পূরণ।<br>* শব্দ ছক।<br>* উদ্ভাবনী ও প্রয়োগমূলক সমীক্ষা, শব্দ-দৃশ্য মাধ্যম থেকে তথ্য, চিত্র, সাম্প্রতিক প্রাসঙ্গিক প্রতিবেদন, সৃজনমূলক প্রকল্প। |
| **৬. শিলা ও মাটি**<br>* পিরিয়ড (৪) | i) * শিলা, খনিজ সম্পর্কে সাধারন ধারনা।<br>* শিলা থেকে মাটি।<br>* পলি মৃত্তিকার প্রকারভেদ (বেলেমাটি, এঁটেলমাটি, দোঁয়াশমাটি) বৈশিষ্ট্য, ব্যবহার। | * দৈনন্দিন জীবনে শিলা, খনিজের উদাহরণ, ব্যবহার।<br>* বিভিন্ন রকম শিলার উৎপত্তি, বৈশিষ্ট্য।<br>* উদ্ভিদ ও কৃষিকার্যের সঙ্গে মৃত্তিকার সম্পর্ক।<br>* মানুষের জীবিকা, জীবনযাত্রায় মৃত্তিকার প্রভাব। | * ধারণা মানচিত্র।<br>* প্রত্যক্ষ পর্যবেক্ষণ।<br>* শিলা, মাটি, খনিজের নমুনা সংগ্রহ।<br>* ছবির কোলাজ বিশ্লেষণ।<br>* সহজ পরীক্ষা, সিদ্ধান্ত।<br>* ক্ষেত্র সমীক্ষা, প্রাকৃতিক আর্থ-সামাজিক পরিবেশের আন্ত: সম্পর্ক। |
| **পরিবেশ ও মানুষ**<br>**৭. জলদূষন**<br>* পিরিয়ড (৮) | i) * কারণ।<br>* ফলাফল। | * দৈনন্দিন জীবনের পরিচিত বাস্তব প্রসঙ্গ অবতারণা, তথ্য, আলোকচিত্র থেকে সম্যক উপলব্ধি।<br>* স্বাদু জল গুরুত্বপূর্ণ প্রাকৃতিক সম্পদ।<br>* জলদূষণের কারণ, পদ্ধতি, প্রেক্ষিত।<br>* নিজের রাজ্যের, দেশের এবং বিশ্বের সাম্প্রতিক পরিস্থিতি। | * 'ধারণা-সারনী'।<br>* নিজের অঞ্চলের পানীয় জলের উৎস এবং অন্যান্য জলাশয়ের জলদূষণের পরিস্থিতি 'অনুসন্ধান'।<br>* তথ্য সংগ্রহ,'সমীক্ষা', বিশ্লেষণ, সম্যক ধারণা।<br>* আত্মসমীক্ষা এবং পারিপার্শ্বিক পরিবেশ-সচেতনতা। |

| পাঠ একক | উপ একক / বিষয়বস্তু | সামর্থ্য / উদ্দেশ্য | সক্রিয়তাভিত্তিক শিখন / কর্মপত্র |
|---|---|---|---|
| | ii) * প্রতিরোধ | *জলের অতিরিক্ত ব্যবহার, অপচয় কমানো এবং বেশি করে পুনর্ব্যবহার, সংরক্ষণ। * বিশুদ্ধ পানীয় জলের গুরুত্ব, জল বিশুদ্ধ করার সহজ উপায় । * দৈনন্দিন জীবনে সাধারণ কিছু ব্যবহারিক পরিবর্তনের মাধ্যমে জলসংরক্ষণ। | * সাম্প্রতিক তথ্য, আলোকচিত্র, সমীক্ষার প্রতিবেদন, কার্যকরী প্রকল্প রচনা, পোস্টার উপস্থাপন। * বিশ্বব্যাপী পরিবেশ সংকটে নিজস্ব দায়িত্ব উপলব্ধি ও কার্যকারী ভূমিকা। * 'জনসচেতনতা', 'ক্ষেত্রসমীক্ষা'। |
| **৮. মাটি দূষণ** * পিরিয়ড (৫) | i) * কারণ<br>* ফলাফল<br>* প্রতিরোধ | * পারিপার্শ্বিক পরিবেশের প্রেক্ষিতে মাটি দূষণ-পর্যবেক্ষণ ও শনাক্তকরন। * মাটিই জীবনের ধারক । * জনসংখ্যা বৃদ্ধির চাপে- মাটির অতিরিক্ত ও অনিয়ন্ত্রিত ব্যবহার-মাটি ক্ষয় ও দূষণ। * দৈনন্দিন জীবনে সাধারণ কিছু ব্যবহারিক সচেতনতা- বর্জ্য পদার্থের সঠিক ব্যবস্থপনা। * মাটির উর্বরতা, গুণগত মান সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ । | * ধারণা মানচিত্র। * তথ্য, চিত্র মৌচাক। * সাম্প্রতিক তথ্য, বিশ্লেষণ, স্বচ্ছ যুক্তিগত সিদ্ধান্ত। * নিজের অঞ্চলের মাটি দূষণেব . পরিস্থিতি অনুধাবন, কার্যকরী ভূমিকা গ্রহণ। * ক্ষেত্র সমীক্ষা , প্রতিবেদন প্রকল্প, পোস্টার উপস্থাপন। * পরিবেশ-সচেতনতা। |
| **আঞ্চলিক ভূগোল** | | | |
| **৯. এশিয়া মহাদেশ** * পিরিয়ড (১৬) | i) * সাধারণ পরিচয় ।<br>* প্রাকৃতিক পরিবেশের সংক্ষিপ্ত পরিচয়। | * সভ্যতার জন্মক্ষেত্র। * ভূপ্রকৃতি ও নদনদী। * জলবায়ু ও স্বাভাবিক উদ্ভিদের আন্ত:সম্পর্ক। * জলবায়ু ও স্বাভাবিক উদ্ভিদের বৈচিত্র্যের কারণ-মূল ধারণার আনুষঙ্গিক ও সমান্তরাল বিষয়, উদাহরণ। | * ধারণা মানচিত্র। * মানচিত্র পর্যবেক্ষণ, অনুশীলন। * অন্তত একটি নদীর প্রবাহ পথের সঙ্গে ভূ-প্রকৃতির সম্পর্ক অনুধাবন। * তথ্য, আলোকচিত্র, রেখাচিত্র সহ প্রতিবেদন। |
| *** বৈশিষ্ট্যপূর্ণ ভৌগোলিক অঞ্চল।** | ii)* চিনের ইয়াংসি কিয়াং নদী অববাহিকা।<br>* প্রাকৃতিক ও আর্থ-সামাজিক পরিবেশের পারস্পরিক সম্পর্ক। | * এশিয়া মহাদেশের অন্যতম কৃষি উন্নত ও সমৃদ্ধশালী অঞ্চল। * অর্থনৈতিক সমৃদ্ধির কারণ। | * কার্যকরী ধারণা মানচিত্র বিশ্লেষণ ও স্বচ্ছ ধারণা নির্মাণ। * প্রাসঙ্গিক ও সমান্তরাল বিষয় , সাম্প্রতিক তথ্য, উদাহরণ, প্রকল্প। |
| | iii)* জাপানের টোকিও ইয়োকোহামা শিল্পাঞ্চল।<br>* প্রাকৃতিক ও অর্থনৈতিক পরিবেশের আন্তঃ সম্পর্ক। | * সংক্ষিপ্ত পরিচয় , প্রধান শিল্প, শিল্পোন্নতির কারণ, শিল্প সমস্যা, প্রতিকার পরিকল্পনা। * সাম্প্রতিক, আনুষঙ্গিক প্রসঙ্গ অনুধাবন, তুলনামূলক আলোচনা, বিতর্ক,তাৎপর্য। | * সম্যক ধারণা এবং কার্য-কারণ বিশ্লেষণে স্বচ্ছ যুক্তিবোধ। * কোনও শিল্পাঞ্চলের সমস্যা সমাধানে কার্যকরী পদক্ষেপ সম্পর্কে আলোচনা, মতামত, প্রকল্প রচনা। |
| | iv)* দক্ষিন-পশ্চিম এশিয়ার তৈল বলয়।<br>* প্রাকৃতিক ও আর্থ-সামাজিক পরিবেশের আন্তঃসম্পর্ক। | * খনিজ তেল উত্তোলক অঞ্চলের সংক্ষিপ্ত সাধারণ পরিচয় । * আধুনিক সভ্যতার খনিজ তেলের গুরুত্ব আন্তর্জাতিক বানিজ্য। * অধিবাসিদের জীবনযাত্রা । | * খনিজ তেলের অপরিহার্যতা। * 'অপূনর্ভব' ও 'গচ্ছিত' সম্পদ রূপে খনিজ তেলের গুরুত্ব উপলব্ধি ও সচেতনতা-তথ্যচিত্র, নিবন্ধ, পোস্টার নির্মাণ। * সাম্প্রতিক তথ্য উপস্থাপন। |

| পাঠ একক | উপ একক / বিষয়বস্তু | সামর্থ্য / উদ্দেশ্য | সক্রিয়তাভিত্তিক শিখন / কর্মপত্র |
|---|---|---|---|
| **১০. আফ্রিকা মহাদেশ।** * পিরিয়ড (১৪) | i) * সাধারণ পরিচয় । * প্রাকৃতিক পরিবেশের সংক্ষিপ্ত পরিচয়। | * মহাদেশ রূপে আফ্রিকার স্বাতন্ত্র্য। * ভূমিরূপের বৈশিষ্ট্য- তাত্ত্বিক ধারণার সঙ্গে বাস্তবের সামঞ্জস্য, তুলনামূলক প্রসঙ্গ। * ভূমিরূপ এবং নদ নদীর পারস্পরিক নিয়ন্ত্রণ। * জলবায়ুর বৈশিষ্ট্য ও বিশিষ্টতার নিয়ন্ত্রক এবং স্বাভাবিক উদ্ভিদের আন্ত:সম্পর্ক। | * মানচিত্র পর্যবেক্ষণ অনুশীলন। * ধারণা মানচিত্র গঠন, চিহ্নিতকরণ। * কার্য-কারণ সম্বন্ধ অনুধাবন। * অন্তত একটি নদীর প্রবাহপথের সঙ্গে ভূ-প্রকৃতির সম্পর্ক বিশ্লেষণ। * প্রাথমিক তথ্য , চিত্র, সহজ পরীক্ষা, নির্দিষ্ট ব্যাখ্যা, সমীক্ষা পত্র, তাৎক্ষণিক আলোচনা। |
| **বৈশিষ্ট্যপূর্ণ ভৌগোলিক অঞ্চল।** | ii)* নীল নদ অববাহিকা । * প্রাকৃতিক ও অর্থ -সামাজিক পরিবেশের আন্ত: সম্পর্ক। | * মিশরের সমৃদ্ধিতে নীল নদের অবদান নীল নদের প্রবাহপথ, বন্যার কারণ । * বন্যা নিয়ন্ত্র, বহুমুখী নদী পরিকল্পনা: কৃষি, পশুপালন - অর্থনৈতিক সমৃদ্ধি। | * নীল নদ অববাহিকার ধারণা মানচিত্র * মানুষের জীবনযাত্রার ওপর নীল নদের প্রভাব সম্পর্কে তথ্য, চিত্র, সাম্প্রতিক পরিস্থিতি। |
| | iii)* বৃহত্তম উষ্ণ মরুভূমি: সাহারা। * প্রাকৃতিক ও অর্থ - সামাজিক পরিবেশের আন্ত:সম্পর্ক। | * প্রাথমিক পরিচয় । * উত্তর মরুভূমির কিছু বিশিষ্ট ভূমিরূপ এর সাধারণ ধারণা। প্রতিকূল জলবায়ু। * পরিবেশের প্রতিকূলতার সঙ্গে মানুষের অভিযোজন। * সময়ের সঙ্গে সাহারার প্রাকৃতিক পরিবর্তন এবং আর্থ-সামাজিক অভিযোজন। | * ধারণা মানচিত্র অনুধাবন। * আনুষঙ্গিক সমান্তরাল পাঠ, তথ্য, চিত্র সংগ্রহ। * অধিবাসীদের জীবনযাত্রা অনুধাবন । * জলবায়ু পরিবর্তন এবং বিশ্ব উষ্ণায়নের প্রেক্ষিতে সাহারা-সাম্প্রতিক তথ্য, চিত্র, প্রতিবেদন বিশ্লেষণ, আলোচনা, নিবন্ধ, প্রকল্প। |
| **১১.ইউরোপ মহাদেশ।** * পিরিয়ড (১৬) | i)* সাধারণ পরিচয় । * প্রাকৃতিক পরিবেশের সংক্ষিপ্ত পরিচয় । | * ইউরোপের অর্থ-সামাজিক উন্নতি ও সমৃদ্ধির কারণ: সম্যক ধারণা। * ভূ-প্রাকৃতিক বৈশিষ্ট্য ও নদ নদীর আন্ত: সম্পর্ক। * জলবায়ু এবং স্বাভাবিক উদ্ভিদের পারস্পরিক প্রভাব। | * ব্যবহারিক ধারণা মানচিত্র। * মানচিত্র অনুশীলন। * কার্যকরী তথ্য সারণী। * আনুষঙ্গিক সাম্প্রতিক তথ্য, ধারণা, আলোকচিত্র, সমীক্ষাপত্র, বিশ্লেষণ, নিবন্ধ। |
| **বৈশিষ্ট্যপূর্ণ ভৌগোলিক অঞ্চল।** | ii)* রূঢ় শিল্পাঞ্চল । * প্রাকৃতিক ও আর্থ-সামাজিক পরিবেশের আন্ত: সম্পর্ক। | * ইউরোপের শ্রেষ্ঠ শিল্পাঞ্চলের প্রাকৃতিক ও অর্থনৈতিক পরিবেশের সাধারণ পরিচয়, শিল্প, শিল্পকেন্দ্র। * শিল্প স্থাপনের প্রাকৃতিক ও অর্থনৈতিক অপরিহার্য উপাদান সম্পর্কে স্বচ্ছ ধারণা, সাম্প্রতিক প্রাসঙ্গিক প্রসঙ্গ, তুলনামূলক আলোচনা, উদাহরণ, তাৎপর্য। | * মানচিত্র পর্যবেক্ষণ। * প্রয়োগমূলক ধারনা-সারণী। * সম্যক ধারণা, কার্য-কারণ বিশ্লেষণে নির্দিষ্ট যুক্তি। * রাজ্য, দেশ এবং আন্তর্জাতিক ক্ষেত্রে সাম্প্রতিক আনুষঙ্গিক, সমান্তরাল বিষয়, তথ্য, চিত্র, প্রতিবেদন উপস্থাপন। |
| | iii)* লন্ডন অববাহিকা। * প্রাকৃতিক ও আর্থ সামাজিক পরিবেশের আন্ত: সম্পর্ক। | * লন্ডন শহরের ভৌগোলিক অবস্থানগত গুরুত্ব প্রাকৃতিক ও অর্থনৈতিক অনুকূল পরিবেশ। * অর্থনৈতিক ও বাণিজ্যিক সমৃদ্ধি; ঐতিহাসিক প্রেক্ষাপট , তাৎপর্য। | * কার্যকরী তথ্য সারণী। * ত্রিমাত্রিক ভূচিত্র। * আন্তর্জাতিক অর্থনীতি ও বিশ্ববাণিজ্যের প্রেক্ষিতে বর্তমান পরিস্থিতি সম্পর্কে তথ্য সংগ্রহ, ধারণা উপস্থাপন। |
| | iv)* পোল্ডারভূমি। * প্রাকৃতিক ও অর্থ সামাজিক পরিবেশের পারস্পরিকতা। | * মানুষ ও প্রকৃতির সহাবস্থানে, অদম্য প্রয়াস এবং বিজ্ঞান ও প্রযুক্তির সম্মিলিত সৃষ্টি পোল্ডার ভূমি। * পোল্ডার সৃষ্টির পদ্ধতি বিশ্লেষণ। অর্থনৈতিক সমৃদ্ধির প্রাকৃতিক আর্থ-সামাজিক কার্য- কারণ। | * প্রচলিত গল্পের মাধ্যমে মূল ধারণার সংযোগ। * পর্যায়ক্রমিক ও উদ্ভাবনী রেখাচিত্র, ধারণা চিত্র। * পৃথিবীর অন্যান্য স্থানের অনুরূপ পোল্ডার ভূমির আনুষঙ্গিক তথ্য, ধারণা, উদাহরণ, আলোচনা, উপাস্থাপন। |

## বিশেষ নির্দেশিকা

তৃতীয় পর্যায়ক্রমিক মূল্যায়নের ক্ষেত্রে নির্দেশিত পাঠ একক ছাড়াও প্রথম ও দ্বিতীয় পর্যায় থেকে যথাক্রমে 'পৃথিবীর গতি, ভূপৃষ্ঠের কোনো স্থানের অবস্থান নির্ণয়, বায়ুচাপ, ভূমিরূপ, নদী' পাঠ এককগুলি অন্তর্ভুক্ত করতে হবে।

তৃতীয় পর্যাক্রমিক মূল্যায়নে ৫নং মানচিত্র চিহ্নিত করণ (পৃথিবীর মানচিত্রে এশিয়া, আফ্রিকা ও ইউরোপ মহাদেশের পাঠক্রম ও পাঠ্যসূচির অন্তর্ভূক্ত বিষয়) আবশ্যিক করতে হবে।

## তিনটি পর্যায়ক্রমিক মূল্যায়নের জন্য নির্ধারিত পাঠ্যসূচি

| সপ্তম শ্রেণির পর্ব বিভাজন (মোট পিরিয়ড- ১০০) | | |
|---|---|---|
| **পর্ব -I** | **পর্ব - II** | **পর্ব - III** |
| **পাঠ একক** | **পাঠ একক** | **পাঠ একক** |
| ১. পৃথিবীর গতি। | ১. ভূমিরূপ। | ১. জল দূষণ। |
| ২. ভূপৃষ্ঠের কোনও স্থানের অবস্থান নির্নয়। | ২. নদী। | ২. মাটি দূষণ। |
| ৩. বায়ুচাপ। | ৩. শিলা ও মাটি। | ৩. ইউরোপ মহাদেশ। |
| ৪. এশিয়া মহাদেশ। | ৪. আফ্রিকা মহাদেশ। | |